



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়

ওয়াসা ভবন

৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।

Website: www.dwasa.org.bd

স্মারক নং-৪৬.১১৩.২১২.০০.০০.০২২.২০১১(৪)- ১৮

তারিখ: ১৪/০১/২০২৫

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইতোপূর্বে ঢাকা ওয়াসায় ঠিকাদারি লাইসেন্স তালিকাভুক্তি, তালিকাভুক্ত ঠিকাদারি লাইসেন্স নবায়ন, শ্রেণী উন্নীতকরণ ও মালিকানা পরিবর্তন এর জন্য দরখাস্ত আহ্বান করা হয়। বিজ্ঞপ্তিতে আবেদন ফরমের সাথে (১) ঢাকা ওয়াসার লাইসেন্স বহির ফটোকপি (নবায়নের ক্ষেত্রে) (২) ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স (৩) টিআইএন সার্টিফিকেট (৪) হালনাগাদ আয়কর পরিশোধ সংক্রান্ত প্রত্যয়নপত্র (৫) ভ্যাট রেজিস্ট্রেশন/বিআইএন সার্টিফিকেট (৬) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট ও (৭) জাতীয় পরিচয়পত্র জমা দানের নির্দেশনা রয়েছে। কিন্তু অনেক ঠিকাদারি প্রতিষ্ঠান আবেদন ফরমের সাথে উক্ত কাগজপত্রসমূহ জমা প্রদান করেননি।

এমতাবস্থায়, যে সকল ঠিকাদারি প্রতিষ্ঠান ঠিকাদারি লাইসেন্স তালিকাভুক্তি, তালিকাভুক্ত ঠিকাদারি লাইসেন্স নবায়ন, শ্রেণী উন্নীতকরণ ও মালিকানা পরিবর্তন এর জন্য আবেদন ফরমের সাথে উল্লিখিত কাগজপত্র জমা প্রদান করেননি, তাদেরকে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রশাসন বিভাগ-২ এ জমা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায় তাদের ঠিকাদারি লাইসেন্স তালিকাভুক্তি, তালিকাভুক্ত ঠিকাদারি লাইসেন্স নবায়ন, শ্রেণী উন্নীতকরণ ও মালিকানা পরিবর্তন করা হবে না।

মোঃ মশিউর রহমান খান

সচিব

ঢাকা ওয়াসা।